01
Scene

চাদ তারা দুই ভাই
কাজে কর্মে মিল নাই

02
Scene

তারা মিয়া ডানে গেলে
চাদ যায় বামে
সারাদিন থাকে ওরা
ভুলভাল কামে!

03
Scene



চাদ ও তারা বারান্দায় দাঁড়িয়ে মোবাইলে ভিডিও করছে আর ধারা বর্ণণা দিচ্ছে-
চাদ : হ্যা আমাদের বাড়ির সামনের রাস্তা পুরো ফাঁকা...
তারা : নারিকেল গাছে কয়েকটা কাক কা কা করে ডাকছে...

04
Scene



এমন সময় জোছনার কণ্ঠ শোনা যায়-

জোছনা : এই যে চাদা তারা ভাইয়ারা, আবার!

তারা : উফ! সুইট কাজিন জোছনা, প্লিজ, কথা বলোনা!

জোছনা : আচ্ছা প্রতিদিন বারান্দায় দাঁড়িয়ে তোমরা একই জিনিস মোবাইলে ভিডিও করে আর ধারা বর্ণনা করে কি মজা পাও! সেই তো একই দৃশ্য- করোনা ভাইরাসের মহামারীর কারণে রাস্তাঘাটে লোকজন নেই, চারপাশ ফাঁকা… গাছে কাক কা কা…

05
Scene



তারা : (খুব উত্তেজিত হয়ে) হুম প্রতিদিনের মতো আমাদের উল্টা দিকের বাড়ির উঠানে বাবুল ভাই আর সীমা ভাবির ঝগড়াও শুরু হয়েছে...

06
Scene

চাদ : তাই নাকি! তারা, তুই ভিডিও কর...

07
Scene



জোছনা : ছি চাদ ভাইয়া, তারা ভাইয়া! তোমরা এটা কি করছো! একজন নারীর ওপর নির্যাতন হচ্ছে আর তোমরা তার প্রতিবাদ না করে মোবাইলে ভিডিও করছো?
তারা : আমরা কি করবো? ওটা ওদের নিজেদের ব্যপার!
জোছনা : উহু! সেটা বলে দায়িত্ব এড়ালে হবে না। চলো, আজকে ভিডিও করা বাদ দিয়ে ওদের বাড়ি যাই। ওদের বোঝাই-
চাদ ও তারা : আমরা যাবো!
জোছনা : হ্যা চলো। মুখে মাস্ক পড়ে নাও।

08
Scene

ট্রানজিশান মিউজিক
বাবুলের বাড়ির উঠান-

বাবুল : আমাদের নিজেদের ব্যপারে তোমরা কেন কথা বলতে এসেছো জোছনা?

জোছনা : শোনো বাবুল ভাই, এটা কিন্তু খুব খারাপ কথা। এখন করোনা মহামারীর সময়ে পরিবারের সবাইকেই সারাদিন ঘরে থাকতে হয়। একজনই যদি ঘরের সব কাজ করে তাহলে তো ভুল ত্রূটি হতে পারে।

09
Scene

তারা : সবাই মিলে তাকে সাহায্য না করে যদি এভাবে ঘরের নারী বা মেয়েদের ওপর নির্যাতন করা হয় সেটা তো ভাল কথা নয়।
সীমা : মেয়েদের কপাল! কিছুই করার নেই ভাই!
চাদ : অবশ্যই করার আছে। শোনো ভাবি, সবারই বাড়িতে নিরাপদ থাকার অধিকার আছে।
তারা : আর শোনো, নির্যাতন থেকে বাঁচতে কিন্তু প্রশাসনের সাহায্য পাওয়া যায়। এজন্য ১০৯ হটলাইন নাম্বার অথবা ৯৯৯ কল করে পুলিশ কে জানাতে পারো।

10
Scene

বাবুল : আমার ভুল হয়ে গেছে জোছনা, মাফ করে দেও সীমা, বুঝতে পারি নাই আসলে...

11
Scene

নারীর ওপর সহিংসতা রোধে, সচেতন হও- আওয়াজ তোলো
করোনা ভাইরাস নয় শুধু, রুখতে হবে নির্যাতনের মহামারীও